# সৌদি আরবে হুথি হামলার নিন্দা জানিয়েছে বাংলাদেশ




ছবি: সংগৃহীত

সৌদি আরবের ভূখণ্ডে হুথিদের সাম্প্রতিক হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। ওই হামলায় কয়েকজন বেসামরিক নাগরিক আহত হওয়ার ঘটনায় উদ্বেগও প্রকাশ করেছে ঢাকা।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ বিষয়ে বাংলাদেশের অবস্থান জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বেসামরিক মানুষ ও অবকাঠামোকে লক্ষ্য করে সব ধরনের সহিংসতার বিরোধিতা করে বাংলাদেশ। একই সঙ্গে সৌদি সরকার ও দেশটির জনগণের প্রতি পূর্ণ সংহতি প্রকাশ করা হয়েছে।

বাংলাদেশ আরও বলেছে, সৌদি আরবের সার্বভৌমত্ব, ভৌগোলিক অখণ্ডতা এবং নিরাপত্তার প্রতি তাদের সমর্থন অব্যাহত থাকবে।

হুথিদের হামলার নিন্দা জানিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, সৌদি আরবের নিরাপত্তা ও সার্বভৌমত্বের প্রশ্নে বাংলাদেশের অবস্থান স্পষ্ট এবং দৃঢ়।

LENS ASIA